# যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি অঙ্গ প্রতিষ্ঠান)

আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম

স্মারক নং: ২৮.২৪.০০০০.০০৫.১১.০০২.২৫-১১৩

তারিখ:২৩/০১/২০২৫

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এ নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্তে প্রত্যেক পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | গ্রেড ও বেতন স্কেল | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|---|---|
| ০১ | গ্রেড: এম-৬, বেতন স্কেল (টাকা): ২৯,০০০-৫৭,৫১০/- | সিনিয়র অফিসার (সেলস) | ০৩ | সম্মানসহ এমকম/এমএসএস/এমএসসি/ এমবিএ/ এমবিএম/ এমএ অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে সেলস/মার্কেটিং অফিসার হিসেবে কাজের ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | সর্বোচ্চ ৩৬ বছর |
| ০২ | | সিনিয়র অফিসার (শিপিং) | ০১ | সম্মানসহ এমকম/ এমবিএ/ এমবিএম/ এমএসসি/ এমএসএস অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে শিপিং, ডিউটি এন্ড ক্লেইম অফিসার হিসেবে কাজের ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৩ | | সিনিয়র অফিসার (পারচেজ) | ০১ | সম্মানসহ এমকম/ এমবিএ/ এমবিএম/ এমএসসি/ এমএসএস অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে পারচেজ/প্রকিউরমেন্ট কর্মকর্তা হিসেবে কাজের ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৪ | | সিনিয়র অফিসার (আইটি/প্রোগ্রামার) | ০১ | সম্মানসহ স্নাতকোত্তর (কম্পিউটার সায়েন্স) অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার সায়েন্স) ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। অথবা সর্বক্ষেত্রে ১ম বিভাগসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার টেকনোলজি) ডিগ্রি। মাইক্রোসফট/ সিসিএনএ অনুমোদিত প্রফেশন্যাল সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার/সহকারী হার্ডওয়ার ইঞ্জিনিয়ার/ সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/ সহকারী সিস্টেম এ্যানালিষ্ট হিসেবে কাজের ৬ বছরের অভিজ্ঞতা এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে মোট ৯ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির মেম্বারশীপ থাকতে হবে। | |

| ক্র: নং | গ্রেড ও বেতন স্কেল | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|---|---|
| ০৫ | গ্রেড: এম-৭, বেতন স্কেল (টাকা): ২৩,০০০-৫৫,৪৭০/- | অফিসার (অপারেশন্স) | ০২ | সম্মানসহ স্নাতকোত্তর (পদার্থ/রসায়ন)/এমবিএ অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/সিভিল/ইলেকট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স/পেট্রোলিয়াম) ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। অথবা সর্বক্ষেত্রে ১ম বিভাগসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/ সিভিল/ ইলেকট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/কেমিক্যাল/পাওয়ার/ অটোমোবাইল) ডিগ্রি।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৬ বছরের কাজের অভিজ্ঞতা। | সর্বোচ্চ ৩৩ বছর |
| ০৬ | | অফিসার (ল্যাবরেটরী) | ০১ | সম্মানসহ স্নাতকোত্তর (রসায়ন) অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং (কেমিক্যাল/ পেট্রোলিয়াম) ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ল্যাব/ মান নিয়ন্ত্রণ সম্পর্কিত কাজে অফিসার হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৭ | | অফিসার (ষ্টোর) | ০১ | সম্মানসহ বিজ্ঞান বিভাগে মাস্টার্স ডিগ্রি/ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি/ বিবিএ সহ এমবিএ (সাপ্লাই চেইন) ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br><br>খ্যাতনামা সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে কর্মকর্তা হিসেবে ইনভেনটরী ম্যানেজমেন্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৮ | | অফিসার (একাউন্টস) | ০৩ | সম্মানসহ এম.কম/ এমবিএ/ এমবিএম অথবা সিএ কোর্স সম্পন্নসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী অথবা স্নাতকোত্তর ডিগ্রিসহ সিএ-নলেজ লেবেল/সিএমএ প্রফেশনাল লেভেল-২ পাস। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে একাউন্টস/ফাইন্যান্স/অডিট অফিসার হিসেবে কাজের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রিসহ সিএ-নলেজ লেবেল/সিএমএ প্রফেশনাল লেভেল-২ পাস অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| ০৯ | | অফিসার (ইঞ্জিনিয়ারিং এন্ড ডেভেলপমেন্ট) | ০১ | কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ সহ বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রি। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। অথবা সর্বক্ষেত্রে ১ম বিভাগসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রি। Auto CAD জানা থাকতে হবে।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৬ বছরের কাজের অভিজ্ঞতা। | |
| ১০ | | অফিসার (লিগ্যাল এন্ড এষ্টেট) | ০১ | স্নাতকোত্তর ডিগ্রিসহ এলএলবি অথবা এলএলএম। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে এষ্টেট অথবা লিগ্যাল অফিসার হিসেবে কাজের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | |

| ক্র: নং | গ্রেড ও বেতন স্কেল | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|---|---|
| ১১ | গ্রেড: এম-৭, বেতন স্কেল (টাকা): ২৩,০০০-৫৫,৪৭০/- | অফিসার (এডমিনিস্ট্রেশন) | ০১ | সম্মানসহ এম.কম (ব্যবস্থাপনা/ এইচআর)/ এমবিএ (ব্যবস্থাপনা/ এইচআর)/ এমএসএস (লোকপ্রশাসন) ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। পিজিডিএইচআর/ পিজিডিপিএম ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে এইচআর/ এডমিন/ পার্সোনেল অফিসার হিসেবে কাজের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | সর্বোচ্চ ৩৩ বছর |
| ১২ | | অফিসার (পাবলিক রিলেশন্স) | ০১ | | |
| ১৩ | | অফিসার (কনফিডেনসিয়াল) | ০৩ | এম.কম/ এমএসএস/ এমএসসি/ এমবিএ/ এমবিএম/ এমএ ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br><br>সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে কনফিডেনসিয়াল অফিসার হিসেবে কাজের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। | |
| ১৪ | গ্রেড: এম-৮, বেতন স্কেল (টাকা): ২২,০০০-৫৩,০৬০/- | জুনিয়র অফিসার (ফায়ার এন্ড সেফটি) | ০১ | ন্যূনতম ২য় শ্রেনীর বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি/ ২য় শ্রেনীর সম্মানসহ এমএসসি ডিগ্রি:<br>সশস্ত্র বাহিনী/ বিজিবি/ কোষ্টগার্ড/ পুলিশ বাহিনী/ প্রতিরক্ষা গোয়েন্দা দপ্তরের অবসরপ্রাপ্ত নন কমিশন/ নন ক্যাডার অফিসারদের এবং পেট্রো কেমিক্যাল বা কেমিক্যাল কমপ্লেক্স কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | সর্বোচ্চ ৩২ বছর, তবে সশস্ত্র বাহিনী/ বিজিবি/ কোষ্টগার্ড/ পুলিশ বাহিনী/ প্রতিরক্ষা গোয়েন্দা দপ্তরের অবসরপ্রাপ্ত নন কমিশন/ নন ক্যাডার অফিসারদের ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫ বছর |
| ১৫ | | জুনিয়র অফিসার (সিকিউরিটি) | ০১ | শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ২য় শ্রেনীর স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রি।<br>ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি/ কাউন্টার সাবোটাজ/ কেপিআই এ বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে;<br>সশস্ত্র বাহিনী/ বিজিবি/ কোষ্টগার্ড/ পুলিশ বাহিনী/ প্রতিরক্ষা/ গোয়েন্দা দপ্তরের অবসরপ্রাপ্ত নন কমিশন/ নন ক্যাডার অফিসারদের অগ্রাধিকার দেয়া হবে।<br>শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | |
| ১৬ | | জুনিয়র অফিসার (অপারেশন্স) | ০১ | সম্মানসহ স্নাতকোত্তর (পদার্থ/রসায়ন)/ এমবিএ অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/ সিভিল/ ইলেকট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ পেট্রোলিয়াম / কেমিক্যাল/ পাওয়ার/ অটোমোবাইল) ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। অথবা সর্বক্ষেত্রে ১ম বিভাগসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/ সিভিল/ ইলেকট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ কেমিক্যাল/ পাওয়ার/ অটোমোবাইল) ডিগ্রি।<br><br>ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | সর্বোচ্চ ৩২ বছর |

| ক্র: নং | গ্রেড ও বেতন স্কেল | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|---|---|
| ১৭ | গ্রেড: এম-৮, বেতন স্কেল (টাকা): ২২,০০০-৫৩,০৬০/- | জুনিয়র অফিসার (পারচেজ) | ০১ | সম্মানসহ এমকম/ এমবিএ/ এমবিএম/ এমএসসি/ এমএসএস অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | সর্বোচ্চ ৩২ বছর |
| ১৮ | | জুনিয়র অফিসার (মেইনটেন্যান্স) | ০১ | বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/ পেট্রোলিয়াম মাইনিং/ মিনারেল/ কেমিক্যাল/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স) ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। অথবা ডিপ্লোমা ইন সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স) ডিগ্রি। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের সকল পর্যায়ে ১ম বিভাগ/ সমমান থাকতে হবে।<br><br>ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে পেট্রো-কেমিক্যাল/ পেট্রোলিয়াম মার্কেটিং কোম্পানি/ খ্যাতনামা সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ১৯ | | জুনিয়র অফিসার (ফাইন্যান্স) | ০১ | সম্মানসহ এম.কম/ এমবিএ/ এমবিএম অথবা সিএ কোর্স সম্পন্নসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | |
| ২০ | | জুনিয়র অফিসার (এমআইএস এন্ড আইটি) | ০১ | সম্মানসহ স্নাতকোত্তর (কম্পিউটার সায়েন্স) অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার সায়েন্স) ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। অথবা সর্বক্ষেত্রে ১ম বিভাগসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার টেকনোলজি) ডিগ্রি। মাইক্রোসফট/ সিসিএনএ অনুমোদিত প্রফেশনাল সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br><br>ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্ক সাপোর্ট ইঞ্জিনিয়ার হিসেবে কাজের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ২১ | | জুনিয়র অফিসার (কোম্পানি সেক্রেটারিয়েট) | ০১ | সম্মানসহ এম.কম/ এমবিএ/ এমবিএম অথবা সিএ কোর্স সম্পন্নসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | |
| ২২ | | জুনিয়র অফিসার (প্ল্যানিং এন্ড ইকোনোমিক্স) | ০১ | বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/ পেট্রোলিয়াম মাইনিং/ মিনারেল/ কেমিক্যাল/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স) ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। অথবা ডিপ্লোমা ইন সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স) ডিগ্রি। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের সকল পর্যায়ে ১ম বিভাগ/ সমমান থাকতে হবে।<br><br>ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে পেট্রো-কেমিক্যাল/ পেট্রোলিয়াম মার্কেটিং কোম্পানি/ খ্যাতনামা সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ২৩ | | জুনিয়র অফিসার (এডমিন) | ০১ | সম্মানসহ এম.কম (ব্যবস্থাপনা/ এইচআর)/ এমবিএ (ব্যবস্থাপনা/ এইচআর)/ এমএসএস (লোকপ্রশাসন) ডিগ্রি। কমপক্ষে ১টি প্রথম শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে। কোন ক্ষেত্রে ৩য় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। পিজিডিএইচআর/ পিজিডিপিএম ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। | |

**<u>আবেদনকারীদের জন্য প্রযোজ্য শর্তাবলী:</u>**

১। আগ্রহী প্রার্থীগণকে অন-লাইনের মাধ্যমে আবেদন করতে হবে। সরাসরি/ ডাকযোগে/ কুরিয়ারের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। প্রার্থীগণকে http://jocl.teletalk.com.bd এই ওয়েব সাইটের মাধ্যমে আবেদনপত্র পূরণ করতে হবে।

(ক) আবেদনের সময়সীমা নিম্নরূপ:

- অন-লাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ২৯/০১/২০২৫, সময়: সকাল- ১০:০০ টা।
- অন-লাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ২৭/০২/২০২৫, সময়: বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে ইউজার আইডি প্রাপ্ত প্রার্থীগণ অন-লাইনে আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) এসএমএস প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান পদ্ধতি:

অন-লাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর আপলোড করে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন প্রার্থী একটি ইউজার আইডি, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি ইউজার আইডি নম্বর দেয়া থাকবে এবং ইউজার আইডি নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

প্রথম SMS: JOCL <space> User ID লিখে 16222 নম্বরে সেন্ড করলে ১টি পিন নম্বর পাওয়া যাবে।

দ্বিতীয় SMS: JOCL <space> Yes <space> PIN লিখে 16222 নম্বরে সেন্ড করতে হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে "বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গ প্রতিষ্ঠান/আওতাধীন কোম্পানিসমূহের কর্মকর্তাদের নিয়োগ নীতিমালা-২০২৪" এর "তফসিল-ক" অনুসরণ করা হবে।

৪। লিখিত ও মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। একজন প্রার্থী নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত কেবলমাত্র ০১ (এক) টি পদের বিপরীতে দরখাস্ত করতে পারবেন। একই পদের জন্য একাধিক দরখাস্ত বা একই ব্যক্তি একাধিক পদের জন্য দরখাস্ত করলে সকল দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

৬। জিপিএ/সিজিপিএ-তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/ শ্রেণী নির্ধারণের ক্ষেত্রে এতদ্বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুসরণ করা হবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে ৩য় বিভাগ/ শ্রেণী/ বা সমপর্যায়ের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। এছাড়া Appeared প্রার্থীগণ আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৭। যে সকল পদের বিপরীতে যত বছর এবং যে বিষয়ের উপর অভিজ্ঞতা চাওয়া হয়েছে, তা বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তানুযায়ী হতে হবে। কোন পদের বিপরীতে বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাগত ডিগ্রী প্রাপ্তির পূর্বে শিক্ষাকালীন সময়ের কোন চাকুরির অভিজ্ঞতা ঐ পদের জন্য সংশ্লিষ্ট অভিজ্ঞতা হিসেবে বিবেচিত হবে না।

৮। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষাগত যোগ্যতা পাবলিক বা ইউজিসি অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সম্পন্ন করতে হবে। বিদেশি কলেজ/ বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে শিক্ষামন্ত্রণালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে সমতুল্য সনদ দাখিল করতে হবে।

০৯। প্রার্থীর বয়স যে মাসে নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশিত হবে উক্ত মাসের ১ম তারিখ আবেদনকারীর নির্ধারিত বয়স হিসাব করতে হবে। এছাড়া, পদ ভিত্তিক সর্বোচ্চ বয়স উক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী প্রযোজ্য হবে মর্মে আলোচনা হয়।

১০। সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত ও বেসরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের উক্ত অনুমতি পত্র প্রদর্শন করতে হবে।

১১। অসম্পূর্ণ/ ভুল তথ্য সম্বলিত দরখাস্ত ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

১২। বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল পদের ক্ষেত্রে কম্পিউটারে এমএস অফিস (ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট) জানা থাকতে হবে।

১৩। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৪। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ওয়েব সাইট হতে জানা যাবে।

১৫। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরূদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। বিজ্ঞপ্তিতে উল্লেখিত জুনিয়র অফিসার পদসমূহের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান অনুযায়ী প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

১৭। প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের রঙিন প্রিন্টেড কপি, সদ্যতোলা ০৩ (তিন) কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট, মার্কশীট/ ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র (এনআইডি/স্মার্ট কার্ড) উপস্থাপন করতে হবে। বর্ণিত দলিলাদির একসেট ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যায়ন পূর্বক দাখিল করতে হবে।

১৮। প্রার্থীগণকে চূড়ান্ত নিয়োগ লাভের পূর্বে ডোপ টেস্টসহ স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৯। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময়ে প্রয়োজনবোধে এ নিয়োগ কার্যক্রম/ প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন, বাতিল এবং প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

২০। ০৪নং এবং ২০নং পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতায় কম্পিউটার সায়েন্স অর্থে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রযোজ্য হবে।

২৮/১/২৫

(মোঃ মাসুদুল ইসলাম)
মহাব্যবস্থাপক (মানব সম্পদ)